

## ডিজিটাল প্রযুক্তিতে এগিয়ে চলছে ইসলামী বিশ্ববিদ্যালয়

আলতাক্ব হোসেন

তথ্য-প্রযুক্তির ব্যবহারে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ, ঠিক সেই সময়ে পিছিয়ে নেই দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের অন্যতম বিদ্যাপীঠ কুষ্টিয়া-খিনাইদহের সীমান্ত শান্তিডাঙ্গা দুলালপুরে অবস্থিত বাংলাদেশের একমাত্র সরকারি ইসলামী বিশ্ববিদ্যালয়। ভবনে ভবনে ওয়াইফাই প্রযুক্তি, ক্লাসরুমে মাল্টিমিডিয়া প্রজেক্টর প্রযুক্তি, ভর্তিপরীক্ষাসহ অন্যান্য পরীক্ষায় প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার আর একাডেমিক ভবনগুলোতে পর্যাপ্ত ইন্টারনেট সুবিধা নিয়ে এগিয়ে চলেছে ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। একাডেমিক ভবনগুলোতে বিভিন্ন বিভাগে পর্যাপ্ত ইন্টারনেট সুবিধা রয়েছে। অফিস সময়ে এ সুবিধা শিক্ষক-শিক্ষার্থীরা পেয়ে থাকে। এছাড়া ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষার্থীদের জন্য রয়েছে কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার। এ সেন্টার থেকে বিশ্ববিদ্যালয়ের ইন্টারনেট সুবিধা নিয়ন্ত্রিত হয়। বিশ্ববিদ্যালয় সম্পর্কিত বিভিন্ন তথ্য এবং ভর্তিপরীক্ষাসহ সকল প্রয়োজনীয় বিজ্ঞপ্তি এ সেন্টারের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যায়

বলে। কম্পিউটার সেন্টারের পরিচালক মিজানুর রহমান জানান। এ সেন্টারে এসে নেট ব্যবহারকারীরা অফিস সময়ে সকল প্রয়োজনীয় সুবিধা পেয়ে থাকে। এই কম্পিউটার সেন্টারের ইন্টারনেট সুবিধার বাইরেও একাডেমিক ভবনগুলোতে আছে ওয়াইফাই প্রযুক্তির সুবিধা। শিক্ষক-শিক্ষার্থীসহ সকলে অফিস সময়ে এবং

পুষ্টি ও বায়ু প্রযুক্তি বিভাগের ছাত্রী তনুশ্রী জানান, ক্লাস সময়ের পরে আমরা একাডেমিক ভবনের সামনে বসে ওয়াইফাই সুবিধার মাধ্যমে প্রয়োজনীয় কাজ করতে পারি। এদিকে একাডেমিক ক্ষেত্রে ওয়াইফাই সুবিধার বাইরেও ব্যবসায় অনুষদ, বিজ্ঞান অনুষদ, আইন অনুষদের বিভাগগুলোতে মাল্টিমিডিয়া



প্রজেক্টর ও আধুনিক সাউন্ড সিস্টেমের মাধ্যমে পাঠদান করা হয়। ২০১০-২০১১ সেশনের ভর্তিপরীক্ষায় ইসলামী বিশ্ববিদ্যালয় দেশে প্রথমবারের মত ইলেকট্রনিক্স মনিট্রিং সিস্টেম (ইএমটিএস)-এর মাধ্যমে আবেদন ফরম বিতরণ ও গ্রহণ করে দেশে আলোড়ন সৃষ্টি করে। চলতি বছরের ভর্তিপরীক্ষায় টেলিটক মোবাইল অপারেটরের সহায়তায় ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করে। এ বছর ভর্তিপরীক্ষায় আসন বিন্যাস, কক্ষ নং ও ফলাফল প্রতিটি পরীক্ষার্থীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে জানিয়ে প্রশংসা কুড়িয়েছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ডিসি হীর মুক্তিরোডা প্রফেসর ড. এম আলআউদ্দিন বলেন অতিদ্রুত অপটিক্যাল ফাইবার কানেকটিভিটির আওতায় বিশ্ববিদ্যালয়কে এনে তথ্য-প্রযুক্তিতে আরো একধাপ এগিয়ে নিতে আমরা প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করছি।

অফিস সময়ের বাইরে ২৪ ঘণ্টাই এ সুবিধা পায়। ক্যাম্পাসে ডায়না চত্বর, প্রশাসন ভবন চত্বর, বিজ্ঞান অনুষদের সামনের চত্বর, ছাত্রী হলের সামনের চত্বর, টিএসসির এলাকাসহ ক্যাম্পাসের ফরাডয় সকাল বিকাল ল্যাপটপ দিয়ে ওয়াইফাই প্রযুক্তির সুবিধা নিতে দেখা যায় শিক্ষার্থীদের। একাডেমিক লেখা পড়ার বাইরে এসব আড্ডায় বিনোদন সুবিধাও গ্রহণ করতে দেখা যায়। ফলিত